দৈনিক সংবাদ

তারিখ ..17 SEP 1989
পৃষ্ঠা... .. ... ...কলাম... ... ...

১৫০

১৪

# বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ সংক্রান্ত আদেশের সমালোচনা

সম্প্রতি রাষ্ট্রপতির সচিবালয় থেকে বিশ্ববিদ্যালয়ে শিক্ষক, অফিসার ও কর্মচারী নিয়োগ সংক্রান্ত যে নির্দেশ জারি হয়েছে, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ফেডারেশন গতকাল অনুষ্ঠিত সাধারণ সভায় তার নিন্দা জানিয়েছে।

সমিতির বিবৃতিতে বলা হয়, এই নির্দেশ দ্বারা দেশের বিশ্ববিদ্যালয়সমূহকে জনগণের কাছে নিদারুণভাবে হেয় প্রতিপন্ন করা হয়েছে এবং বিশ্ববিদ্যালয়সমূহের স্বায়ত্তশাসনের সাংবিধানিক মূলনীতি ও অধিকার পদদলিত এবং লংঘন করা হয়েছে।

বিবৃতিতে বলা হয়, বিশ্ববিদ্যালয়সমূহের বিধি অনুযায়ী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী নিয়োগের ক্ষমতা সিণ্ডিকেটের ওপর ন্যস্ত এবং বিশ্ববিদ্যালয় শিক্ষকদের সকল পর্যায়ের নিয়োগ বা পদোন্নতি নির্ধারিত ক্রাইটেরিয়া অনুযায়ী পরিচালিত হয়। এক্ষেত্রে 'সরকারী নিয়মনীতি' অনুসরণ করা না করার বা সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থাপন মন্ত্র-

(শেষ পৃ: ৭-এর ক: দেখুন)

## বিশ্ববিদ্যালয়ে শিক্ষক নিয়োগ

(১ম পাতার পর)

ণালয়ের অনুমোদন নেয়ার প্রশ্নই উঠে না। বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে এ ধরনের সরকারী নির্দেশ অভূতপূর্ব ও অকল্পনীয়। ফেডারেশন এই নির্দেশ বাতিল করার জোর দাবী জানাচ্ছে।

ফেডারেশন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষসমূহকে তাঁদের স্ব-স্ব বিশ্ববিদ্যালয় অধ্যাদেশ নির্দেশিত অধিকার ও দায়িত্ব অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের কার্যাদি অব্যাহত রাখার জন্য আহবান জানায়।

সরকারী নির্দেশের প্রতিবাদে ও প্রত্যাহারের দাবীতে বাংলাদেশের সকল বিশ্ববিদ্যালয়ে আগামী ২৬শে সেপ্টেম্বর প্রতীক ধর্মঘট, সমাবেশ ও মৌন মিছিল করার সিদ্ধান্ত নেয়া হয়েছে।